দৈনিক ইনকিলাব

তারিখ JUL 1 4 1999
পৃষ্ঠা ৫ কলাম ২

ছাত্রলীগ নেতার বিবৃতি

# মাদ্রাসা শিক্ষা বন্ধ ও ইনকিলাব বিরোধী ষড়যন্ত্র অভিন্ন

সম্প্রতি ক্ষমতাসীন আওয়ামী সরকার কর্তৃক মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা বন্ধ করার নীল নকশার প্রতিবাদে বাংলাদেশ ছাত্রলীগ (জাগপা) জাতীয় কমিটির সিনিয়র সহ-সভাপতি শাহজাহান খোকন এক বিবৃতিতে গভীর ক্ষোভ প্রকাশ করে বলেন, মাদ্রাসা শিক্ষা বন্ধ করা শেখ মুজিবের স্বপ্ন ছিল কিনা তা আওয়ামী ঘরনারা ভালো বলতে পারবেন তবে এটি নিঃসন্দেহে ব্রাহ্মণ্যবাদী ভারতের স্বপ্ন আর এ স্বপ্ন বাস্তবায়নে দিল্লীর তাবেদার আওয়ামী সরকার ব্যর্থ প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। কারণ মাদ্রাসার কোমলমতি শিক্ষার্থীদের মধ্যে যারা তালেবান ও হরকাতুল জেহাদের গন্ধ খুঁজেন তাদের দ্বারা মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা বন্ধ করা অস্বাভাবিক কিছু নয়।

বিবৃতিতে জনাব শাহজাহান খোকন আরো বলেন, মাদ্রাসা শিক্ষা বন্ধ ও দৈনিক ইনকিলাব বিরোধী ষড়যন্ত্র এক ও অভিন্ন। কারণ দেশের মাদ্রাসাগুলো রক্ষার ক্ষেত্রে ইনকিলাব যথাযথ ভূমিকা পালন করে যাচ্ছে। তিনি বলেন, ভুলে গেলে চলবে না লাখো ওলি-আউলিয়ার পদভারে ধন্য এই বাংলায় যারাই দ্বীনী শিক্ষার বিরুদ্ধে ষড়যন্ত্র করেছে তারাই চিরতরে নিশ্চিহ্ন হয়ে গেছে। তিনি অনতিবিলম্বে এই ষড়যন্ত্র বন্ধ করে স্থগিত মাদ্রাসাসমূহের অনুদান চালু করার দাবী জানান। অন্যথায় এদেশের ছাত্র সমাজ জেহাদে অবতীর্ণ হয়ে জালিম শাহীর পতনকে ত্বরান্বিত করবে।